

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
বেড়া, পাবনা।  
[brdb.bera.pabna.gov.bd](http://brdb.bera.pabna.gov.bd)



স্মারক নং-৪৭.৬২.৭৬.১৬.০০০.১৬.১৭৪.১৯.১৯৭

তারিখঃ ০৭/০৫/২০২০ খ্রিঃ

বিষয়ঃ সাধারণ ডায়েরীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ধীন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় “পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাস” এর কাজে নিয়োজিত একটি বৃহৎ সরকারি প্রতিষ্ঠান। বিগত ০৬/০৫/২০২০ খ্রিঃ বৌদ্ধ পূর্ণিমার ছুটি থাকায় অফিস বন্ধ ছিল। অদ্য ০৭/০৫/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকায় অফিস খোলা হলে দেখা যায় যে ০২(দুই) টি রুমের জানালা ভাঙা। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বেড়া, পাবনা অফিস বেড়া উপজেলা পরিষদের মধ্যে দক্ষিণ পার্শ্বে অবস্থিত, অত্র অফিস ভবনের ০২(দুই) টি রুমের দক্ষিণ পার্শ্বের ০২(দুই) টি জানালা অজ্ঞাত ব্যক্তি ভেঙ্গে ফেলেছে(ছবি সংযুক্ত)। সরকারী প্রতিষ্ঠান হিসেবে অতিগুরুত্বপূর্ণ জিনিস পত্র( কম্পিউটার সরঞ্জামাদি ও গুরুত্বপূর্ণ দলিলপত্র/কাগজপত্র) ইত্যাদি অন্যান্য জিনিসপত্র সংরক্ষিত আছে(অফিসের সম্পদ)। অফিসের অতিগুরুত্বপূর্ণ জিনিস পত্রসমূহের রাষ্ট্রীয় সুরক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। অত্র অফিসের সমস্ত সম্পদ রাষ্ট্রীয় সুরক্ষায় সাধারণ ডায়েরীকরণ ও পরবর্তী প্রয়োজনে ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ জানানো হলো।

  
০৭/০৫/২০২০

মোঃ আবদুল ওয়াহাব

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ফোন নং-০৭৩২৩-৭৫০২৭

E-mail: urdobera@brdb.gov.bd

অফিসার ইনচার্জ

বেড়া মডেল থানা, বেড়া, পাবনা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, বিআরডিবি, পাবনা।

২। উপজেলা নির্বাহী অফিসার, বেড়া, পাবনা।

৩। অফিস নথি।